সংবাদ

তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# কুষ্টিয়া পলিটেকনিকে ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষে আহত ৩ হল বন্ধ ঘোষণা

প্রতিনিধি, কুষ্টিয়া

কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটে হল দখলকে কেন্দ্র করে দুটি হলের ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। গত বুধবার রাত ৯টার দিকে ইনস্টিটিউটের ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে ঘটনার পরপরই ইনস্টিটিউট কর্তৃপক্ষ দুটি হল বন্ধ ঘোষণা করেন। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানিয়েছে কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের ক্যাম্পাসের **কুষ্টিয়া** : পৃষ্ঠা : ১৫ ক : ৩

কুষ্টিয়া : পলিটেকনিকে
(১ম পৃষ্ঠার পর)

ভেতরে ছাত্রদের জন্য লালন শাহ ও মীর মশাররফ হোসেন নামে দুটি হল রয়েছে। এ দুটি হলে ছাত্রলীগের হল শাখার কমিটি রয়েছে। কয়েকদিন আগে লালন শাহ হলের ছাত্রলীগের কয়েকজন কর্মিকে মীর মশাররফ হোসেন হলের নেতাকর্মীরা মারধর করে। এনিয়ে উভয় পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল। বুধবার রাতে প্রতিশোধ নিতে ও আধিপত্য বিস্তার করতে সন্ধ্যায় উভয় হলের নেতাকর্মীরা ধাওয়া পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়। একপর্যায়ে তারা দেশীয় লাঠিশোটা ও ধারালো অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে ছাত্রলীগ কর্মী মনজুরুল রানাসহ তিনজন জখম হয়। মনজুরুলের মাথায় ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক। তাকে অস্ত্রপচার কক্ষে নেয়া হয়।

পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ মো. নুরুজ্জামান বলেন, ঘটনার পরপরই দুটি হল বন্ধ ঘোষণা করা হয়। বুধবার রাত দশটার মধ্যে ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়। তবে ক্যাম্পাস খোলা থাকবে। এদিকে, রাত ১০টার আগেই ওই দুটি হল ছেড়ে যায় আবাসিক ছাত্ররা।

কুষ্টিয়া মডেল থানার পরিদর্শক (তদন্ত) রবিউল ইসলাম বলেন, পুরো ক্যাম্পাস পুলিশের নিয়ন্ত্রণে। পরিস্থিতি শান্ত রয়েছে। আহতদের হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। এ ঘটনায় কাউকে গ্রেফতার করা যায়নি।